

যশোরে শুরু হচ্ছে মাসব্যাপী শিল্প ও বাণিজ্য মেলা

- A Monitor Desk Report

Date: 08 April, 2025



যশোর : চেম্বার অব কমার্সের উদ্যোগে শহরের টাউন হল মাঠে ১৩ এপ্রিল শুরু হচ্ছে মাসব্যাপী শিল্প ও বাণিজ্য মেলা।

প্রায় এক যুগ বিরতির পর অনুষ্ঠিতব্য এ মেলা উদ্বোধন করবেন এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি ও বিএনপির ভাইস চেয়ারম্যান আবদুল আউয়াল মিন্টু। মেলায় সারা দেশ থেকে দেড় শতাধিক স্টল অংশগ্রহণ করবে। এতে স্থানীয় উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যও থাকবে। এ উপলক্ষে গতকাল বিকালে যশোর চেম্বার অব কমার্সের ভবনে স্থানীয় উদ্যোক্তাদের সঙ্গে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

এ উপলক্ষে সোমবার (৭ এপ্রিল) যশোর চেম্বারের সভাপতি মিজানুর রহমান খানের সভাপতিত্বে উদ্যোক্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় বক্তব্য দেন সংগঠনের যুগ্ম সম্পাদক এজাজ উদ্দিন টিপু, পরিচালক শ্যামল দাস, গোলাম রেজা দুলু ও সাইফুল ইসলাম লিটন, নাসিবের সভাপতি শাকের আলী, নারী উদ্যোক্তা মুসলিমা খাতুন, সুফিয়া মাহমুদ রেখা প্রমুখ।

সভায় যশোর চেম্বারের পরিচালক শ্যামল দাস জানান, এক যুগ পর যশোর চেম্বারের আয়োজনে শুরু হতে যাচ্ছে মাসব্যাপী শিল্প ও বাণিজ্য মেলা। এতে সারা দেশ থেকে দেড় শতাধিক স্টল অংশগ্রহণ করবে।

তিনি বলেন, ‘যশোরের বিভিন্ন প্রান্তে অসংখ্য মেধাবী উদ্যোক্তা রয়েছেন, প্রচারের অভাবে তাদের পণ্য জনপ্রিয় হচ্ছে না। আমাদের উদ্দেশ্য হলো এসব উদ্যোক্তাকে ব্যবসার সুযোগ করে দেয়া।’

-B